# সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
## একাদশ শ্রেণির প্রথম অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২১
## পৌরনীতি ও সুশাসন- প্রথম পত্র (সৃজনশীল)

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান : ৭০

(বি.দ্র.: যেকোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও ।ডান পাশ্বে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।)

১. গত ২১০৩ সালের এপ্রিল মাসে সাভারের রানা প্লাজার ভয়াবহ প্রাণহানিতে পুরো জাতি শোকে মুহ্যমান । এ মানবিক বিপর্যয়ের জন্য রানা প্লাজার মালিক সোহেল রানাসহ বেশ কিছু লোভী,অবিবেচক সম্পদশালী ব্যক্তিই দায়ী ।এসব লোভীরা  সম্পদ ও ক্ষমতার মোহে নিজেদের অধিকার ও কর্তব্য সম্পর্কে জানে না অথবা জানার চেষ্টাও করে না ।যদি তারা সঠিকভাবে জানত শহরের মানুষ হিসেবে কী তাদের কর্তব্য? কী তাদের অধিকার? কী তাদের দায়িত্ব তাহলে হয়তো এহেন প্রাণহানি থেকে জাতি রক্ষা পেত ।কথাগুলো বললেন স্বেচ্ছাসেবী সংগঠন'হ্যাভেন' এর সভাপতি মোহসিন জালাল ।

ক. ইংরেজী শব্দ Ethics-এর বাংলা অর্থ কী? ১
খ. পৌরনীতি বলতে কী বুঝায়? ২
গ. মোহসিন ও জালালের ধারণা নিয়ে যে বিজ্ঞান কাজ করে তার পরিচিতি ব্যাখ্যা কর । ৩
ঘ. এই বিজ্ঞানের ধারণা লাভ ছাড়া  কোনো সভ্য জাতি গঠিত হতে পারে না । বিশ্লেষণ কর । ৪

২. জেএসসি পরীক্ষা পাসের পর সাফিন নবম শ্রেণীতে ভর্তি হওয়ার প্রস্তুতি সম্পন্ন করতে ব্যস্ত । সে ভবিষ্যতে রাষ্ট্রবিজ্ঞানী হতে চায় ।সাফিনের বাবা একজন রাজনীতিবিদ । সাফিনের বাবা সাফিনের আগ্রহের বিষয়টি বিবেচনায় রেখে তাকে মানবিক বিভাগে ভর্তি হওয়ার পরামর্শ দিলেন । কারণ তিনি জানেন মানবিক বিভাগের একজন শিক্ষার্থী পৌরনীতি পাঠের মাধ্যমে রাষ্ট্রবিজ্ঞানী হওয়ার প্রথম ধাপ অতিক্রম করে ।

ক. Civics শব্দটি কোন ভাষা থেকে এসেছে? ১
খ. পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞানা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি  পাঠ্য হিসেবে গ্রহণের ফলে সাফিন কোন ধরণের সুফল লাভ করতে পারে? ব্যাখ্যা কর । ৩
ঘ. সাফিন যে বিষয়টি পাঠের মাধ্যমে রাষ্ট্রবিজ্ঞানী হওয়ার প্রথম ধাপ অতিক্রম করবে, সে বিষয়ের অর্থ বিশ্লেষণ কর । ৪

৩. টিআইবির এক গবেষণা প্রতিবেদনে বলা হয় যে, টাকা দিলে মেলে বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পরীক্ষা পাসের সনদ ।শুধু তাই নয় এ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পরিদর্শনের ফি বাবদ পঞ্চাশ হাজার থেকে এক লাখ, বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ নিষ্পত্তির জন্য দশ থেকে পঞ্চাশ হাজার,পাঠ্যক্রম অনুমোদনের জন্য পাঁচ থেকে দশ হাজার টাকা লেনদেন হয় ।অবশ্য টিআইবির এ প্রতিবেদন সঠিক নয় বলে উড়িয়ে দিয়েছেন শিক্ষা মন্ত্রণালয় । এ মন্ত্রণালয় ইতোমধ্যে এর অধীন সকল বিভাগ ও দপ্তরের সেবা অনলাইনে প্রদান,ই-মেইলে চিঠিপত্রের মাধ্যমে অভিযোগ গ্রহণ, সৎ ও যোগ্য কর্মীদের পুরস্কৃত করার পদক্ষেপ গ্রহণ করেছে ।

ক. সুশাসনের ইংরেজী প্রতিশব্দ কী? ১
খ. সুশাসন প্রতিষ্ঠায় আইনের শাসন কেন গুরুত্বপূর্ণ? ২
গ. টিআইবি প্রতিবেদনে বাংলাদেশের সুশাসন প্রতিষ্ঠার কোন সমস্যাটির কথা বলা হয়েছে,ব্যাখ্যা কর । ৩
ঘ. বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপসমূহ  সুশাসন প্রতিষ্ঠায় কতটা সহায়ক হবে? ৪

৪. কেনিয়ার দক্ষিণ-পূর্বাঞ্চলে পানি ও পশুচারণভূমির নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জের ধরে দুটি উপজাতি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ বাঁধে । প্রায় ৪৮ জন নিহত হয় । দেশটির অধিকাংশ অঞ্চল শুষ্ক বিধায় প্রায় সময়ই পানি ও পশুচারণভূমির নিয়ন্ত্রণ নিয়ে উপজাতিগুলোর মধ্যে সংঘর্ষ হয় । ক্ষুধা, অপুষ্টি, এইডস, পশু মৃত্যুর অধিক হার প্রভৃতি বর্তমান কেনিয়ার প্রধান সমস্যা ।

ক. স্বচ্ছতা কী? ১
খ. শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা সম্ভব-ব্যাখ্যা কর । ২
গ. উদ্দীপকে সুশাসন প্রতিষ্ঠার কোন কোন সমস্যা ফুটে উঠেছে? ৩
ঘ. উদ্দীপকে ফুটে উঠা সমস্যাগুলো আর কোন কোন সমস্যা সৃষ্টি করতে পারে বলে মনে কর? যুক্তি দাও । ৪

৫. রিতু ও জান্নাত ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে । তারা দুজনেই কমলাপুর স্টেশনে এলো শীতার্থ অসহায় ছিন্নমূল মানুষের অবস্থা দেখতে । ছিন্নমূলদের মানবেতর এ জীবন তাদের মনকে ব্যথিত করলো । রিতু বললো এই মানুষগুলো সামাজিক বৈষম্যের শিকার । তাদের মানবাধিকার ভূলুণ্ঠিত অথচ রাষ্ট্রের দায়িত্ব তাদের মানবাধিকার নিশ্চিত করা ।

ক. জাতিসংঘের মানবাধিকার ঘোষণা কত সালে গৃহীত হয়? ১
খ. অর্থনৈতিক অধিকার বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মানুষের মৌলিক অধিকার রক্ষায় রাষ্ট্রের ভূমিকা ব্যাখ্যা কর । ৩
ঘ. তুমি কী মনে কর উদ্দীপকে মানবাধিকারের চেয়ে মৌলিক অধিকারকে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে? যুক্তি দাও । ৪

৬.পপি,ফারহানা ও জাহিদ সরকারি আশেক মাহমুদ কলেজের একাদশ শ্রেণীর মানবিক বিভাগের শিক্ষার্থী। তারা পৌরনীতি ও সুশাসন বিষয়ের শিক্ষকের ক্লাস করে বুঝতে পারে যে,মানুষ সমাজে বসবাস করে বলেই সে যা ইচ্ছা তাই করতে পারে না ।তারা আরো বুঝতে পারে যে, সমাজ ও সমাজস্থ মানুষের পারস্পারিক সম্পর্ক এবং জানমালের নিরাপত্তার স্বার্থে সৃষ্টি হয়েছে আইনের। আর সে আইনের কতিপয় বৈশিষ্ট্য সর্বজনস্বীকৃত।

ক. আইনের উৎপত্তিগত অর্থ কী? ১

খ. আইনের উৎস হিসেবে প্রথার ভূমিকা কী? ২

গ. পারস্পারিক সম্পর্ক রক্ষায় পপি,ফারহানা ও জাহিদের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. জানমালের নিরাপত্তার স্বার্থে উদ্দীপকে উল্লিখিত বিষয়টির বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ কর । ৪

৭.আজম খান ছিলেন একজন গুণী সংগীত শিল্পি ।তিনি ছিলেন এদেশের পপ সংগীতের দিকপাল ।তিনি ক্যান্সারে আক্রান্ত হলে দেশবাসী উদ্বিগ্ন হয়ে ওঠে। শিল্পী,সাহিত্যিক,শিক্ষকসহ সমাজের সব পেশার মানুষ তার পাশে এসে দাঁড়ায়,সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। সরকারও সাহায্যের হাত বাড়িয়ে দেয়,সহমর্মিতা প্রকাশ করে।

ক. মূল্যবোধের ইংরেজী প্রতিশব্দ কী? ১

খ. সহমর্মিতা কাকে বলে? ২

গ. আজম খান ক্যান্সারে আক্রান্ত হলে সব পেশার মানুষ তার পাশে এসে দাঁড়ায়'-এতে কোন মূল্যবোধের প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আজম খান শিল্পী ও দেশের সম্পদ বলেই সকলেই সাহায্যে এগিয়ে এসেছে- এ সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৮.ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে মিথষ্ক্রিয়া বাধিত হলে ই-গভর্ন্যান্স-এর উদ্ভব ঘটে। ।এই মিথষ্ক্রিয়া ঘটে সরকার ও জনগণের মধ্যে,সরকার ও ব্যবসায়ীদের মধ্যে,সরকার ও চাকরিজীবীদের মধ্যে এবং এক সরকারের সাথে অন্য সরকারের মধ্যে। এছাড়াও আরো অনেক সুবিধা রয়েছে। অনেক সুবিধা থাকা সত্ত্বেও কিছু প্রতিবন্ধকতাও রয়েছে। যেমনঃ ব্যয়বহুল, নির্ভরযোগ্য তথ্যের অভাব ইত্যাদি।

ক. ই- ই-গভর্ন্যান্স কী? ১

খ. ইন্টারনেট বলতে কী বুঝ? ২

গ. ই-গভর্ন্যান্স চালুর ফলে কী কী সুবিধা পাওয়া যাচ্ছে এবং যাবে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ই-গভর্ন্যান্স এর সুবিধা থাকা সত্ত্বেও কিছু প্রতিবন্ধকতাও রয়েছে- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯. আকলিমা ও বৈশাখী বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্যে বাসা থেকে বের হয়। বাস কাউন্টার থেকে টিকেট কিনে লাইনে দাঁড়ায়। নির্দিষ্ট সময়ে বাস আসার পর তারা বাসে উঠে মহিলাদের সংরক্ষিত আসনে বসে পড়ে।পথে দুজন মহিলা যাত্রী বাসে উঠলে আকলিমা ও বৈশাখী মহিলাদের সংরক্ষিত আসন ছেড়ে দেয় ।সচেতন নাগরিক হিসেবে তারা অন্যের অধিকার নষ্ট করতে চায় না।

ক. অধিকার কী? ১

খ. চারটি রাজনৈতিক অধিকারের নাম লিখ। ২

গ. আকলিমা ও বৈশাখীর কর্তব্যবোধের আলোকে শিক্ষার্থী হিসেবে রাষ্ট্রের প্রতি তোমার কর্তব্য ব্যাখ্যা কর। ৩

ঘ. আকলিমা ও বৈশাখী তাদের অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন-বিশ্লেষণ কর। ৪

১০. কানাডার নাগরিক জনাব ড. এমএস হোসেন একবার বাংলাদেশে আসেন। তিনি একটি সাংবাদিক সম্মেলনে দুঃখ প্রকাশ করে বলেন,এদেশের নাগরিকরা বিভিন্ন অফিস-আদালতে নিয়মতান্ত্রিক উপায়ে তাদের কোনো প্রয়োজনীয় তথ্য জানতে চাইলে জানতে পারেন না- অনেক অনুরোধ করেও ন্যূনতম তথ্য পাওয়া যায় না এদেশে। এছাড়া ভুল তথ্য প্রদানের মত ঘটনাও এদেশে ঘটে থাকে, যা জাতীয় উন্নতির অন্তরায়।

ক. মৌলিক অধিকার কাকে বলে? ১

খ. ধর্মীয় অধিকারের ব্যাখ্যা দাও। ২

গ. জনাব ড. এমএস হোসেনের ক্ষোভে যে অধিকারের প্রতিচ্ছবি প্রকাশিতহয়েছে তার অধিকার আইনের ব্যাখ্যা দাও। ৩

ঘ. জনাব ড. এমএস হোসেনের তথ্য পাওয়ার অধিকার সম্পর্কিত অভিযোগ যেমন সত্য তেমনি সব তথ্য প্রকাশ বা প্রদান করা বাধ্যতামূলক নয় একথাও সত্য-বিশ্লেষণ কর। ৪

১১. জনাব মফিজ উদ্দিন একজন বাসচালক। তিনি বেপরোয়াভাবে গাড়ি চালান। রাস্তায় বাস চালানোর সময় পাশে প্রদত্ত নির্দেশকগুলো যেমন- ধীরে চলুন, হর্ন বাজাবেন না, ওভারটেক করবেন না, সামনে বিপজ্জনক বাঁক ইত্যাদি তিনি মেনে চলেন না। ফলে একদিন তার বাসটি দুর্ঘটনায় পতিত হয় এবং চালকের বাসযাত্রী হতাহত হয়।

ক. আইন কি? ১

খ. স্বাধীনতা বলতে কি বোঝায় ? ২

গ. উদ্দীপকে মফিজ উদ্দিনের এই পরিণতির জন্য তার কোন আচরণ দায়ী? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মফিজ উদ্দিনের আচরণের ইতিবাচক সংশোধন সুনাগরিকের পরিচায়ক।'- বিশ্লেষণ কর। ৪